বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩১১ তারিখঃ ১১ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি এবং বিএএসএম এর যৌথ উদ্যোগে ময়মনসিংহে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২' আয়োজন প্রসঙ্গে।**

'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)' এবং 'বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম)' এর যৌথ উদ্যোগে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ময়মনসিংহ বিভাগে আয়োজিত হতে যাচ্ছে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২'।

আগামী ৩০ জুলাই, ২০২২ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ময়মনসিংহ শহরের টাউন হল মোড়ে অবস্থিত এডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে কনফারেন্স অনুষ্ঠানটি শুরু হবে।

কনফারেন্সের প্রারম্ভে স্বাগত বক্তব্য রাখবেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এবং সভাপতির বক্তব্য রাখবেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।

'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২'-এ মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিএসইসি'র সাবেক কমিশনার জনাব আরিফ খান। বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম 'দ্য স্মার্ট অ্যান্ড ইন্টেলিজেন্ট ইনভেস্টর' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করবেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখবেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব ইকরামুল হক টিটু, ময়মনসিংহের বিভাগীয় কমিশনার জনাব মো: শফিকুর রেজা বিশ্বাস, উপ-মহা পুলিশ পরিদর্শক(ময়মনসিংহ) জনাব দেবদাস ভট্টাচার্য, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব কামরুল হক মারুফ, ময়মনসিংহের জেলা প্রশাসক জনাব মোহাম্মদ এনামুল হক এবং ময়মনসিংহের পুলিশ সুপার জনাব মোহা: আহমার উজ্জামান।

দেশের জনগণকে বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত করার মাধ্যমে বিনিয়োগকে উৎসাহিত করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের রয়েছে নানা উদ্যোগ। মূলত ময়মনসিংহের স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করবে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স'। বিনিয়োগ শিক্ষা বিনিয়োগকারীদের পুঁজিবাজার সংশ্লিষ্ট তথ্য বিশ্লেষণ করে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নিতে সহায়তা করবে।

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

উল্লেখ্য, 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২২' অনুষ্ঠানটি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)-এর অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ সম্প্রচারিত হবে। অনুষ্ঠানটি লাইভ দেখতে কমিশনের অফিসিয়াল ফেসবুক পেইজের সাথে যুক্ত থাকার অনুরোধ করা যাচ্ছে।

এছাড়াও কনফারেন্স অনুষ্ঠানের পাশাপাশি একই স্থানে ২৯ জুলাই(শুক্রবার) বিকাল ৪.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত এবং ৩০ জুলাই(শনিবার) সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত একটি বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণ আশা করা যাচ্ছে।

26.07.2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd